দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB 20 1999

পৃষ্ঠা ৬ কলাম

# বইমেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নতুন বই

**স্টাফ রিপোর্টার ॥** প্রধানমন্ত্রী শেখ হাসিনার লেখা বই 'বৃহৎ জনগোষ্ঠীর জন্য উন্নয়ন' একুশের বইমেলায় এসেছে গত বৃহস্পতিবার। ভাল বিক্রি হচ্ছে বলে গ্রন্থটির প্রকাশক ফরিদ আহমেদ (সময় প্রকাশন) জনকণ্ঠকে জানিয়েছেন। এ বইয়ে মোট পাঁচটি প্রবন্ধ রয়েছে। প্রবন্ধগুলোর নাম

'বৃহৎ জনগোষ্ঠীর জন্য উন্নয়ন', 'গ্রামীণ অর্থনৈতিক অবস্থা নিয়ে কিছু কথা', 'সত্য বড় কঠিন', 'পার্বত্য চট্টগ্রাম শান্তির অন্বেষায়' এবং 'ও আলোর পথযাত্রী'।

এটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সপ্তম মৌলিক গ্রন্থ। তাঁর সম্পাদিত গ্রন্থ রয়েছে দু'টি। আলোকচিত্রী পাভেল রহমানের তোলা ছবি দিয়ে বইটির প্রচ্ছদ পরিকল্পনা করেছেন শিল্পী মাসুক হেলাল। সাড়ে তিন ফর্মার এ বইটির মূল্য ৪০ টাকা। চলতি বইমেলায় এটিই শেখ হাসিনার একমাত্র নতুন বই।

বইটি তিনি উৎসর্গ করেছেন পুত্র-কন্যা জয় ও পুতুলকে। গত ১৩ ফেব্রুয়ারি লেখা গ্রন্থের ভূমিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা লিখেছেন, "...দীর্ঘদিন এ দেশের রাজনীতির সঙ্গে জড়িত রয়েছি। মানুষের অনেক কাছে যাবার সুযোগ হয়েছে, সমস্যাগুলো দেখার ও জানার সুযোগ পেয়েছি। সরকার গঠন করার পর সেগুলো চিহ্নিত করা ও সমাধানের চেষ্টা করছি। লিখে যাচ্ছি, এই লেখার মধ্য দিয়ে দেশের মানুষের যদি কোন উপকার হয়, সেই আশায়।"



*বইমেলায় প্রধানমন্ত্রীর লেখা বইয়ের প্রচ্ছদ*